



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা



### প্রেস বিজ্ঞপ্তি

২৫ মার্চ ২০২৪,

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে আজ যথাযোগ্য মর্যাদায় ২৫ মার্চ 'গণহত্যা দিবস' পালন করা হয়। এ উপলক্ষে কনস্যুলেট প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয়। এরপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পড়ে শুনানো হয় এবং ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। ভয়াল এ দিনে বঙ্গগণ ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে ঢাকাসহ সারাদেশে পাকিস্তানি হানাদার বাহিনীর নৃশংস হত্যাকাণ্ডের উপর বিস্তারিত আলোকপাত করেন।

কনস্যুলেট জেনারেল জনাব মোঃ ফারুক হোসেন তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতার স্মৃতির প্রতি এবং ২৫ মার্চ কালরাতের বর্বরতম হত্যাকাণ্ড সহ পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নির্মম গণহত্যার শিকার সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। হাজার বছর ধরে শৃঙ্খলিত বাঙালি জাতিকে মুক্ত করার জন্য জাতির পিতা সারা জীবন ত্যাগ স্বীকার করেছেন। আমাদেরকে দিয়েছেন স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। তিনি আরও বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে 'অপারেশন সার্চ লাইট'-এর মাধ্যমে হত্যাযজ্ঞ পরিচালনা করে ছাত্র জনতা ও নিরস্ত্র বাঙালিকে স্তব্ধ করতে চেয়েছিল। কিন্তু বাঙালি জাতিকে দমাতে পারেনি। সকল বাধা পেরিয়ে মুক্তিযুদ্ধের মন্ত্রে উজ্জীবিত হয়ে বাংলাদেশ আজ এগিয়ে চলেছে উন্নতি আর সমৃদ্ধির পথে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকার নিরলস ভাবে কাজ করে চলেছে। এ দেশ দ্রুত বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' হিসেবে গড়ে উঠবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় শীঘ্রই বাংলাদেশের গণহত্যা দিবস আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।



